এলাহি ভরসা।

এই কেতাবের নাম।

# নূরল এছলাম

——•:)✻(:•——

প্রণীত।

মৌলবী আবদুল হালিম মরহুম ছাহেব।

প্রকাশক---

তান পুত্র শ্রী আব্দুর রহিম।

সাকিন ডোমরা কান্দা, থানা সাভার;

জিলা ঢাকা।

আমি আবদুর রহিম আমার নিজ ব্যায়ে ঢাকা চওক বাজার আজিমী প্রেসে ছাপাইয়া প্রকাশ করিলাম আমার অনুমতী ভিন্ন কেহ ছাপা করিবেননা করিলে আমার সমস্ত খেছারতের দাবি দিতে হইবে।

২য় সংস্করণ।

সন ১৩২৪ সন

শ্রীহামিদর রহমান খাঁ প্রিন্টারদ্বারা মুদ্রিত।

মুল্য ৵০ আনা।

BENGAL LIB.
19 FEB
WRITERS' BUILDINGS
CALCUTTA

৫৭

# বিজ্ঞাপন।

এত দ্বারা ভাই মমিন মোছলমান ভ্রাতাগনকে জানান জাইতেছে যে এই কেতাব বা নুরল এছলাম পুথির যাহার দরকার হইবে তিনি নিম্ন ঠিকানায় তালাস করিলে পাইবেন। অথবা পত্র লিখিলে ডাকে পাঠাইয়া থাকি। চারি খানের কম ডাকে পাঠাইনা। এখন কাগজের দাম বৃদ্ধি হয়ায় এক আনা মুল্য বেশী করা গেল আশা করি ইহার পাঠক ভ্রাতাগণ কোন আপত্তি উত্থাপন না করেন ইতি।

প্রাপ্তি স্থান--
শ্রী আবদুর রহিম মিয়া।
সাং ডোমরা কান্দা
পোঃ আঃ তেতুল ঝোড়া
জিলা ঢাকা।

এলাহি ভরসা।

এই কেতাবের নাম।

# নূরল এছলাম

——•:)※(:•——

প্রণীত।

মৌলবী আবদুল হালিম মরহুম ছাহেব।

প্রকাশক---

তান পুত্র শ্রী আব্দুর রহিম।

সাকিন ডোমরা কান্দা, থানা সাভার;

জিলা ঢাকা।

আমি আবদুর রহিম আমার নিজ ব্যায়ে ঢাকা চওক বাজার আজিমী প্রেসে ছাপাইয়া প্রকাশ করিলাম আমার অনুমতী ভিন্ন কেহ ছাপা করিবেননা করিলে আমার সমস্ত খেছারতের দাবি দিতে ইহবে।

২য় সংস্করণ।

সন ১৩২৪ সন

শ্রীহামিদর রহমান খাঁ প্রিন্টারদ্বারা মুদ্রিত।

মুল্য ৵০ আনা।

সংসার আপে করিল সৃজন*আখেরী রছুল যদি নাহিক হইত এই হারে কুল জমি নাহিক সৃজিত * জাহারে দিলেন আল্লা উম্মতের ভার ॥ সাফায়েত করিবে যিনি হাসর মাঝার * আল্লা জবে কাজি হবে রোজ মাহাসরে ॥ সাফায়েত করিবে তিনি ওম্মত সবারে * গোনার খাতিরে জবে সঙ্কটে পড়িবে॥ সুপারিশ করিয়া তিনি উদ্ধারিয়া লিবে * তিনির সাফায়েত বিনে নাহি কোন গতি ॥ তিনির চরনে মেরা হাজার মিন্নতি হাজার দরুদ পড়ি তিনির পরেতে ॥ জান মাল ফেদা মেরা তিনির হক্কেতে* তিনির আওলাদ আর ইয়ার জতেক॥ সবার জোনাবে মোর ছালাম আলেক* বাপ মা ওস্তাদ পির মুরব্বি তামাম ॥ সবার জোনাবে মোর হাজার সালাম * তার পরে লিখি কিছু হাল সমচার ॥ দিল দিয়া শুন ভাই যত দিনদার* অধিন ফকির কহে ভাবিয়া খোদায় ॥ যে কেহ পড়িবে দোয়া করিবে আমায় *

* চৌপদী *

শোন ভাই যত মোছলমান২ ॥কলির জমানার বাত, শোন যত নেকজাত, শোন সবে কলির বয়ান * শোন২ কলি কালের চিন২ ॥ যে কেহ মমিন হবে, একিনে শুনিয়া লিবে, না শুনিবে যে কেহ কমিন * দেখ ভাই করিয়া খিয়াল২ ॥ আওরত মরদ জত, করে পাপ অবিরত, মোছল মানি হইল পয়মাল * দেখ ভাই এই জমানাতে২ ॥ ছোট বড় জুয়ান বুড়া, সবাকার এক ধারা, ভাল মন্দ না পারি চিনিতে * দেখ ভাই জামানার হাল২ ॥ মুন্সি মৌলবী কত, হাজি গাজি লোকযত, সবাকার একই খেছাল * দেখ সবে কলি কালের চিন২ ॥ ইতর কমিনা জারা, ছরদার হইল তারা, মান হীন

হইল মমিন * কমিনারা পাইয়া ছরদারী২ ॥ আল্লা নবি নাহি ডরে, হক্কেরে নাহক করে, এই বুঝি জমানা আখেরী * কত লোক এছাই মরদুত২ ॥ হালাল হারাম পরে, কিছু না খিয়াল করে, ফিরে জেছা দেওদান ভুত *কুদে ফিরে শুওর যেমন২ অপনা টাকার বলে, গর্জ্জিয়া গর্জ্জিয়া চলে, ভাল মন্দ না করে গনন * কত লোক দেখিযে এমন২ ॥ ইমানের গুজার নাই, চুড়ে কেবল দুনিয়াই, আখেরাত না করে স্মরণ * যখন মউতে লিবে ধরি২ ॥ কবরে শুইবে জবে, মালুম করিবে তবে কিবা মজা দুনিয়ার জাক জারি * একজারা না ডরে খোদায়২ কবরে কয়েদ হবে, একেলা পড়িয়া রবে, তখন কান্দিবা হায়২* কহে ফকির অধিন লাচার২ ॥ জেন্দেগীর ভরসা নাই, চৌপদী ছাড়িয়া যাই, বাকি থোরা লিখি যে পয়ার *

পয়ার ॥ শোন হে মমিন ভাই যত মোছলমান ॥ কলি কালের হাল কিছু করিযে বয়ান * কলির জমানা এবে আসিয়া পৌছিল ॥ কত২ নেক চাল বদলিয়া গেল * কিবা ছিল কিবা হৈল দেখিতে২ ॥ আর জানি কিবা হয় না পারি কহিতে * কোথা গেল নেক চাল নেকির নিসান ॥ যথা যাই দেখি খালি বদের তুফান * বদ কাম বদচাল বদ পরামিস ॥ সকলেতে করে বদ এই কি গর্দ্দিস * নেক কাম সিদা পথ ছাড়িয়া সকলে ॥ বদকাম বদচাল টেরা পথে চলে * ছোট কালে শুনিয়াছি আপনা কানেতে ॥ কহিত মুরব্বি সবে কত২ বাতে * কলির জমানা জবে পৌছিবে আসিয়া ॥ সয়তানি ফেরেবে লোক জাইবে ফাসিয়া * এই বাতে দিলে২ বুঝি আমি এবে ॥ অবশ্য কলির কাল এই বুঝি হবে * কিবা হাজি কিবা গাজি কিবা মাতব্বর ॥ হালে চালে দেখি সব এক বরা-

বর * কিবা ছোট কিবা বড় কিবা জওান ॥ জমানার বাতাসে সব একই সমান * মুন্সি মৌলবী কিবা হয় পরহেজগার ॥ সোন হে মমিন ভাই চরিত্র সবার * পাকিছে মাথার চুল মুখে দন্তনাই॥ ঝুটা দাগা বাজি কাম করে সে সদাই * করিয়া হজ কেহ লোকে বলে হাজি ॥ হামেসা তাহার কাম ঝুটা দাগা বাজি * পড়িছে কোরান কেতাব লোকে মুন্সি বলে ॥ মিথ্যা সাক্ষি দেয় সেই তিন টাকা দিলে * কতেক মৌলবী এমনি খাছলত ॥ ঝুট মুট কওা করে খাইয়া রেস-বত * দেখিতে মুসল্লি কত সুন্দর জুয়ান ॥ সয়তানি করিয়া ফিরে কমিনা নাদান * দিনেতে মুছল্লি খুব ইমানে কামাল ॥ রাত্রি কালে গরু দিয়া করে সে পয়মাল * পাচ ওক্ত নামাজ পড়ে ইমান্দার অতি ॥ রাত্রিতে লোকের ক্ষেত করে সে ডাকাতি * দিনেতে দেখায় খুব মছল্লি মমিন ॥ পাকা ক্ষেতে গরু দেয় এহাই কমিন * রোজা নমাজ করে খুব মুছল্লি অজিজ॥ হালাল হারাম কিছু নাকরে তমিজ * দেখিতে মানুষ রুপ দিলেতে সয়তানি॥ মুখের বচন তার যেন মধু চিনি * আর এক বড় লোক এই জমানার॥ শোন হে মমিন ভাই চরিত্র তাহার * টাকা পয়সা আছে সবে বলে মাতব্বর জুলুম করিয়া ফিরে গরিব উপর * আল্লা ও নবির হুকুম কভু নাহি মানে॥ আলিম ফাজিল সেই কারে নাহি গনে *কেতাব দলিল সেই কিছুই মানেনা ॥ হক্কেরে নাহক করে এছাই কমিনা * গর্জ্জিয়া২ চলে ধন জনের জোরে ॥ গরিবের দোষ পাইলে পাকরিয়া ধরে * মাতব্বর লোকে যদি কোন দোষ করে॥ তাহার ছামনে কিছু বলিতে না পারে * যে সব খারাবি হবে এই জমানাতে ॥ লিখিতে সে সব কথা না স্মরে

মুখেতে * শোন হে মমিন ভাই শোন তার ধারা ॥ বাপে পুতে নানামতে হইবে ঝগড়া ॥ ফুফু ভাই পুতে কভু নারবে পিরিতি ॥ বাদা বাদি আদাওতি হবে এই রিতি * খেশী২ হয় বেশী ঝগড়া ফছাদ ॥ দলা দলি মেলা মেলি হামেসা বিবাদ * চাচা ও ভাতিজায় কত করে মারা মারি ॥ মামু ও ভাগিনায় কত হইবে ফৌজদারি * শশুর দামাদে কভু পিরিতি না রবে ॥ বাদা বাদি আদাওতি কত মতে হবে * ঝগড়া ফছাদ হবে আপসে২ ॥ না রহিবে মুরুয়াতি আড় সে পাড়সে * আর এক মমিন দেখ এই জমানাতে ॥ তাহার বয়ান লেখি শোন এক চিত্তে * কেমন মমিন সেই শোন ভাই সবে ॥ শুনিয়া তাহার বাত তৌবা জে করিবে * তিন কাল গেছে তার এক কালবাকি ॥ কতমতে লোক সাতে দেয় সেই ফাকি * পাকিছে মাথার চুল কবে জানি মরে ॥ ঝুটা দাগা বাজি সেই তবু নাহি ছারে * মরিয়া জাইবে বলি নাহি কিছু গম ॥ ঝুটা বাতে কোরান হাতে করেন কছম * কবরে জাইবে বলি না ডরে মনেতে ॥ ঝুটা বাতে কোরান লৈয়া মামেলাতে জিতে * আর এক ইমান্দার এই জমানার ॥ শোন হে মমিন ভাই বয়ান তাহার * মাহাজনের কাছে যদি মুস্কিলেতে পড়ে * জমিন বেচিয়া টাকা কড়ি সোধ করে * জেই জনে কিনে তার বড় সাদাদিল ॥ বিশ্বাস করিয়া কিনে না লয় দলিল * এই রুপে কত দিন গুজরিয়া জায় ॥ খোদার ফজলে কিছু ফরাগত হয় ॥ ফরাগত হইয়া মনে করে ভাবাগুনা ॥ কি করিব২ না পায় ঠিকানা * বেচিয়াছে জেই জমি দেয় সে আটক ॥ কিনি য়াছে জেই জনে হয় সে আহ্মক * কুদা কুদি মারা মারি কত মতে করে ॥ হুড়া হুড়ি পাড়া পাড়ি কেহ নাহি ছারে *

তার পরে দুই জনে মানিয়া শালিস ॥ মাতাব্বর লোক কাছে করেন নালিস * বসেন সকল লোকে মজলিছ করিয়া ॥ ফৈরাদি আসামি আনে বিচার লাগিয়া * প্রমান দলিল কিছু নাহি আছে তাতে ॥ মাতাব্বর লোকে কিছু নাপারে বুঝিতে* হয়রাতে পড়িয়া সবে করে ভাবাগুনা ॥ কার সত্য কার মিথ্যা নাপায় ঠিকানা * তার পরে মজলিছের মাতাব্বর সকলে ॥ বেচিয়াছে জেই জনতার তরে বলে*কছম করহে তুমি আমাদের সাক্ষাতে ॥ বেচি নাই বলি কহ কোরান লিয়া হাতে * এবাত শুনিয়া সেই আনন্দিত মনে ॥ হলফ করিয়া বলে সবার ছামনে * কছম করিয়া বলে সবার নিকটে ॥ বেচি নাই কিন্তু আমি দিয়াছিনু কটে * ঝুটা বাতে কোরান হাতে বলেন এছাই ॥ সত্য বটে এই জমি কভু বেচি নাই * দেখিয়া তাহার হাল মাতাব্বর সকলে ॥ তাজ্জব হইয়া সবে এই বাত বলে * আহারে বেইমান তুই কি কাজ করিলি ॥ ঝুটা বাতে কোরান হাতে কছম খাইলি ॥ আখেরের হাল কিছু না হল স্মরণ ॥ দিলে২ বুঝ মোর না হবে মরন * কোরানে ফরমান দেখ নজর করিয়া ॥ হার হার নফছ ভাই জাইবে মরিয়া * কয়েদ হইবে জবে কবর ভিতর ॥ সে সমে কিবা গতি হইবে তোমার * কিনে ছিলে জেই জনে মামেলা হারিয়া ॥ঘরেতে চলিয়া জায় লাচার হইয়া * কলির জমানা জবে আসিয়া পৌছিবে ॥ এছা২ কাম ভাই বহু তর হইবে*তোবা২ এছা কাম কেহ না করিবে॥ আখেরে খোদার কাছে কি জোয়াব দিবে*আবতুল হালিম আমি নাদান কমিনা ॥ গোনাখাতা মাফ দেও এলাহি রাব্বানা *

* দিনে দুই পহরে ডাকাতি *

পয়ার ॥ আর এক খরাবি বাত করি যে বয়ান ॥ দিল

দিয়া শুন ভাই যত মোছলমান * দেখ দেখ দেখ ভাই কেমন ডাকাতি ॥ নাহি জানি কেয়ামতে হবে কোন গতি * বিষম ডাকাতি কথা মুখে নাহি স্বরে ॥ কলম না চলে হাত কাপে থরে থরে * বহুত সাহসে ফের করিযে বয়ান ॥ শোনহে মমিন ভাই করিয়া ধেয়ান * পশ্চিম তরফে আছে মালধর সহর ॥ আমের বাগান সেথা আছে বহুতর * আমের তারিফ আমি কি কব বয়ান ॥ বড় মজাদার আম সুমিষ্ট ঘ্রান * ঢাকার বেপারী সবে যাইয়া সেখানে ॥ খরিদ করেন আম বেপার করনে * জৈষ্ঠ্য মাসে সেই আম কভু নাহি পাকে ॥ আষাঢ় শ্রবাণ মাসে খায় সর্ব্ব লোকে * আষাঢ় শ্রাবণ মাসে সেই আম খায় ॥, মাল ধরিয়া আম তারে সর্ব্ব লোকে কয় * বাগান কিনিয়া তারা আসে আপন ঘরে ॥ নৌকা ভাড়া করে তারা আম আনি বারে * মাল্লা মাঝি সহ নৌকা কেরায়া করিয়া ॥ মালধর সহরে নৌকা দেয় পাঠাইয়া * মাঝি মাল্লা সকলেতে নৌকা খানি লিয়া ॥ কত দিনে ঝটা ঝট পৌছেন জাইয়া * বেপারীর গোমস্তা এক থাকে সেই বাগে ॥ পৌছাইয়া দেয় নৌকা তাহার নজদিগে * গোমস্তা বাগানি তবে নৌকাটী লইয়া ॥ নৌকাতে ভরেন আম গনিয়া বাছিয়া * রকমে২ আম ভরিয়া নৌকায় ॥ রসিদ লিখিয়া দিয়া করেন বিদায় * আর কহে সোন ভাই মাঝি মাল্লা সবে ॥ কোন খানে কোন ঠাই দেরী না করিবে * এই সব আম কভু না রাখিবে আর ॥ তবু যদি রাখ আম দোহাই আল্লার ॥ আছুদা হইয়া খাবে যত মনে লয় ॥ খোদার কছম ভাই রাখিলে ইহায় * এই মত কহিয়া সেই চলেন বাগানে ॥ মাঝি মিঞা খোলে নৌকা অতি রঙ্গ মনে * এই মতে রাত দিন নৌকা চালাইয়া ॥ নাইয়া বেপারীর

ঘাটে পৌছেন আসিয়া*দারি মাল্লা সকলেতে বসে একান্তরে॥
আম রাখি বার তবে মোছলেহাত করে * মাঝি বেটা বলে
ভাই শোন মাল্লা সবে॥থোরা কিছু আম ঘরে রাখিতে হইবে*
কেহ বলে আম যদি কিছু না রাখিব ॥ রমনীর কাছে মুখ
কেমনে দেখাব *কেহ বলে মেরা পরে বড়ই মুস্কিল ॥ পোলা
মাইয়ার জন্যে মেরা সদা কান্দে দিল *জেই দিন গেছি আমি
মাল ধরিয়া নায় ॥রাহা তাকাইয়া ঘরে আছেন সবায় *থোরা
কিছু আম যদি ঘরে নাহি দিব॥ একে বারে খালি হাতে
কেমনে যাইব * কেহ বলে মেরা কোন লেঠা নাহি ছিল॥
ঘরে আছে বুড়া মাতা তায় জালা হইল * মাছ ভাত কেলা
কচু কিছু নাহি খায়॥ আম দুধ হৈলে মায় বড় খুসি হয় *
নিত্যি২ আমি কিনি দিতে নাহি পারি॥ এই জন্যে মাল ধরিয়া
নায় আমি ফিরি * গোটা কত আম যদি ঘরে নাহি দিব॥
তবে মেরা মায় বড় রাগান্বিত হৈব * এই মোছলেহাত সবে
করিয়া নেহাত॥ উঠাইয়া রাখে আম বোঝা পাচ সাত *
হালাল হারাম বলি না ডরে দিলেতে॥ দশ বার বোঝা রাখে
দেখিনু চক্ষেতে *আহা২ কি কহিব মুখে নাহি স্বরে॥ মোছল
মান হৈয়া এছা সর্ব্ব নাস করে * আহা২ কি কহিব বিষম
ডাকাতি॥ না জানি আখেরে তাদের হবে কিবা গতি *আহা২
কি কহিব সে সব কালাম॥ একে বারে খাইলেক নজিছ
হারাম * আহা২ কবরেতে কি দিবে জোয়াব॥ আহা কেছা
আখেরাতে সহিব আজাব * দেখহে মমিন ভাই কি কাম
করিল॥ আখেরের ডর কিছু দিলেনা রাখিল * কত মিঞা
মোছলমান মুখে চাপ দাড়ি॥ নজিছ হারাম খায় করে এছা
চুরি * চোর লোকে রাতি কালে চুরী তারা করে॥ কমিনারা

করে চুরি দিনে দুই প্রহরে * তার পরে খোলে নৌকা অতি ঝাট পটে ॥ ঢাকাতে পৌছেন গিয়া মহাজনের ঘাটে * সেই সমে মাঝি মিঞা রসিদ লইয়া ॥ মহাজনের কাছে তাহাদের পৌছাইয়া * মহাজন বেপারী তবে পাইয়া রসিদ ॥ উঠাইতে সেই আম করেন তাকিদ * কুলি লোক দিয়া আম উঠায় নৌকার ॥ গনিয়া বাছিয়া তাহা করেন শুমার * যত আম লিখিয়াছে রসিদ বিচেতে ॥ কভু নাহি তত আম হয় হিসা-বেতে * এই রূপে কমি শমি আমেতে পাইয়া ॥ কিছু নাহি বলে রহে খামোস হইয়া * এই মত কত দিন জায় গুজরিয়া॥ শ্রাবণ মাস জবে পৌছে আসিয়া * ফজলি আম লাগে জবে শাওন মাসেতে ॥ সেই সমে কিবা হয় শোন সকলেতে * বড়২ ফজলি আম দেখিতে বাহার ॥ পচিশ টাকা শত কড়া কিম্মত তাহার ॥ সেই আম লইয়া লোকে চুরী জবে করে ॥ মহাজন বেপারী তাহা সহিতে না পারে * বকা বকি করে জাহা কি কব বয়ান ॥ মারে পিটে নানা মতে করে অপমান এছা মাইর মারে কারে হইয়া অতি রাগ ॥জিন্দেগী থাকিতে তার নাহি জাবে দাগ * আমের লালচে ভাই এত অপমান॥ আমের লালচে ভাই এত আপন * লালচে পড়িয়া যেই এছা কাম করে ॥ হাজার লান্নত তার আক্কেল উপরে * তৌবা২ কর ভাই এছা না করিবে ॥ ছামনেতে দেখি বড় মুস্কিল ঘটিবে*আম দুধ পেলে মায় কত খুসি হয় ॥ কবরে পৌছিলে তাহা জানিবে নিশ্চয় * আমের নায়েতে খালি এছা নাহি করে ॥ কমলার জন্যে জায় ছাতক বন্দরে * কমলা লইয়া এছা করেন চোরামি ॥ গোনা খাতা না ভাবে না ডরে বদ-নামি * কিবা হাজি কিবা হয় মুছল্লি আজিজ ॥ চোরামির

চিজ খায় না করে তমিজ * কত মাতাব্বর কত মুন্সি মৌলবীতে ॥ ঐ সব আম খায় দেখিনু চক্ষেতে * কতবা কহিব কারে ঐ সব সংবাদ ॥ দেখা দেখি করে বদ না ভাবে প্রমাদ * মোছলমান হৈয়া জেবা এছা কাম করে ॥ গতি মুক্তি নাহি তার আউল আখেরে * শোনহে মোমিন ভাই শোন সকলেতে ॥ তৌবা কর বদ ছার চল নেক পথে *অধিন ফকির কহে হইয়া লাচার ॥ নাহি জানি আখেরাতে কি গতি আমার *

পয়ার ॥ দোছরা খারাবি বাত শুন সর্ব্বজনা ॥ খেয়াল করিয়া দেখ খরাবি আপনা*শোনহে মমিন ভাই যত দিনদার ॥ লোকের চরিত্র কিছু করি যে প্রচার * এই কাম দেখি ভাই বড়ই খারাব॥কত লোকের বেটা না দেয় আদাব* বেটা বেটি আদাব দেওয়া মা বাপ উপর ॥ হুকুম করিল আল্লা কিতাবে খবর * এই জমানার লোক বড়ই নাদান ॥ আপনার বেটা বেটি না করে সাবধান* দেখিয়াছি কত লোক এই জমানার ॥ বেটার খরাবি কামে না করে বিচার * বে-আদবি কাম বেটা কত মতে করে ॥ কিছু নাহি বলে বাপে দেখিনু নজরে * আদর করেন বাপে মধুর বচনে ॥ বেআদব হয় বেটা এহার কারনে * ঘাটে পথে গালাগালি করে জারে তারে ॥ দেখিয়া তাহার বাপে রাগ নাহি করে * দেখিয়াছি কত লোকে আপনা বেটাকে ॥ ছোটকালে বাপে বড় আদ-রেতে রাখে * দিনে২ হয় বেটা লায়েক জুওান ॥ নামাজ খাতিরে বাপে না দেয় চাপন * টাকা পয়সা দিয়া বাপে না রাখে মিয়াজি ॥ তেকারনে বেটাতার হয় বেনামাজি * টাকার খাতিরে বাপে বড়ই বখিল ॥অতএব হয় বেটা মুরক্ষ জাহিল

টাকা দিয়া বাপে যদি মরজি রাখিত॥ তবে কেনে বেটা তার বে নমাজি হৈত * মিয়াজির কাছে যদি সিখিত আদাব ॥ কভু নাহি বেটা তার হইত খারাব * আর কত লোক আছে দেখিনু নজরে ॥ মিয়াজি রাখিয়া বেটা দেয় পড়ি বারে * এই মত দিন রাত বেহানে বৈকালে ॥ মিয়াজির কাছে বেটা পড়ে হামেহালে * ইহাতে মিয়াজি যদি পাইয়া তকসির ॥ মাইর পিট করে কিছু বেটার খাতির * দেখিয়া তাহার বাপে গোস্বা হৈয়া দিলে ॥ লান তান কথা কত মিয়াজিকে বলে * পাইয়া বাপের মুখ সে বেটা নাদান ॥ উস্তাদের তরে গনে পশম সমান * না আছে আদব তার না আছে মিজাজ ছোট বড় নাহি মানে এছা বেলেহাজ * বেআদবি কাম বেটা করে কত বাতে ॥ মাগ বিনা কথা নাহি বলে কার সাতে *বেআদবি করে কত বাপের ছামনে ॥ কিছু নাহি বলে বাপে খুসি হয় মনে * আর এক খরাবি কাম দেখ ভাই সবে তামাসা দেখেন বেটা হিন্দুর পরবে * মুখের দাড়ি কামাইয়া হিন্দু বাড়ী জায় ॥ রাখেনা মাথার টুপি সতী নষ্ট হয় * তামাসা দেখেন কত কত করে গান ॥ রাগ নাহি করে বাপে কেছা মোছলমান * না চলে আদব মত না মানে মুরব্বি ॥ ঘাটে পথে জথা তথা করে কত কাব্বি * ইহাতে তাহার বাপে কিছু নাহি বলে ॥ বেটার উপরে বড়া খুসী হয় দেলে* আর এক খারাবি বাপে করেন এছাই ॥ তাহার বয়ান আমি সবাকে শুনাই ॥ বাপের নিকটে কেহ করেন ফৈরাদ ॥ তেরা বেটা মেরা সাতে করিছে বিবাদ * গালা গালি করে কত বলা নাহি জায় ॥ কড়া বলে হাত তুলে মারি বার চায় * এবাত শুনিয়া বাপে চক্ষু করি লাল ॥ ফৈরয়াদির উপরে

রাগে জেন সর্পকাল * বেটাকে না বলে কিছু নাহি করে রাগ ॥ লড়েন তাহার সাতে জলে জেছা আগ * এই রুপে নানা মতে হরেক ছুরতে ॥ রাগ নাহি করে বাপে রাখে আদ-রেতে * এই মত কত দিন জায় গুজরিয়া ॥ শুন্দর দেখিয়া বাপে করায় তারে বিয়া * জখন পাইল বেটা কম চন্দ্র মুখি গর্জ্জিয়া২ চলে ঘুমাইয়া আখি * বিহার খাতিরে কত টাকা করে ব্যয় ॥ কতদিন বাদে বেটা ভিন্ন হইয়া যায় * কিবা পিতা মাতা কারে নাহি মানে ॥ গালি গালজ করে কত বাপের ছামনে * বাপের খাতিরে কত কড়া বাত বলে ॥ না শুনে বাপের কথা মতলবেতে চলে * কোন দিন বাপে যদি বেটার উপরে ॥ ভালা বুরা বাত কিছু মালামত করে * শুনিয়া বাপের কথা সে বেটা নাদান ॥ বাপের উপরে রাগে আগুন সমান্ * দেখিয়া বেটার রাগ বাপের পরানি ॥ থর থর কাপে আর ছারে চক্ষের পানি * বাপ তার বুড়া জইফ বেটা সে জুয়ান ॥ বেটার ডরেতে বাপে থাকে কম্পমান * বাপের কথায় বেটা উঠেন জলিয়া ॥ ডরে কম্পমান বাপে বেটাকে দেখিয়া * এই মত দিন রাত ঝগড়া ফছাদ ॥ বাপে পুতে নানা মতে হামেসা বিবাদ * বেটার হুজুরে বাপে আজেজ নাচার ॥ লোকে বলে বেটা তার জালিম গওার * আপনা কাজের ফল হইল জাহির ॥ মিছা মিছি দোষে লোকে বেটার খাতির * জেছা কাম তেছা ফল পাইলেক সেষে বেটার খাতিরে দেখ সর্ব্ব লোকে দোষে * কোন দিন বেহ কারে না করে জুলুম ॥ ক্ষেতের ইটা ক্ষেতে ভাঙ্গে সবাকে মালুম * বদি কৈলে বদি ফলে একিন জানিবে ॥ বিশ্বাস না হয় যদি করিয়া দেখিবে * শোনহে মমিন ভাই যত বেরা-

দরে ॥ বেটার খাতিরে যেই রাগ নাহি করে * ছোট কালে বেটা যেই না দেয় আদব ॥অবশ্য তাহার বেটা হইবে খরাব* খবরদার বাপে কভু এছা না করিবে॥ ছোট কালে বেটা খুব চাপানে রাখিবে * শিশু কালে বেটা যেই আদরেতে অতি অবশ্য তাহার এই হইবে দুর্গতি * ছোট কালে বেটা যেই আদর না দিবে॥ আখেরে বেটার হাতে বড় দুঃখ পাবে * শোনহে মমিন ভাই যত মোছলমান ॥ আদব কেমন চিজ করি যে বয়ান * দেখিয়াছি এই মত লেখে কিতাবেতে ॥ খেয়াল করি সবে বুঝহ দিলেতে * হায়ওান এনছান বিচে ফারাগ এয়ছাই॥ মানুষের আদব আছে হায়ওানের নাই * আদব মাকুল চিজ জেবা চিনে তারে ॥ বড় নেবখক্ত সেই দুনিয়া আখেরে * খেয়াল করিয়া দেখ জত মোছলমান ॥ বেআদব লোকজত পশুর সমান * আদরের সাতে যেই না করে চলন ॥ কখন মনষ্য নহে পশুর জিবন * আদরের সাতে সেই না করে বন্দেগী ॥ পশুর সমান সেই লান্নত জেন্দেগী * আবদুল হালিম আমি বড় গুনাগার ॥ গোনা খাতা মাফ দেও পরওয়ার দিগার *

* বেটীর বয়ান *

বেটার খরাবি এবে রহিল এখানে ॥ বেটির খরাবি জত সুন সর্ব্বজনে * বেটার খরাবি এবে ক্ষেন্ত দিয়া জাই ॥ বেটীর খরাবি যত সকাকে শুনাই * সোন হে মমিন ভাই যত দিনদার ॥ বেটির খরাবি আমি করি যে প্রচার * চলরে কলম চল নাহি সাজে দেরী ॥ বেটির খরাবি বাত লেখ তাড়া তাড়ি * যে বাতে খরাবি বড়া শুন ভাই সবে ॥ পড়িয়া শুনিয়া খুব খবরদার হবে * ছোট কালে বেটা বেটী রাগ

নাহি করে ॥ বড় হইলে চড়ে তারা মা বাপের ঘাড়ে * দেখিয়াছি কত লোকে এই জমানাতে ॥ আপনার বেটা বেটি না রাখে রাগেতে *কত লোগে ছোট কালে আপনা বেটিরে না দেয় আদব কিছু রাখেন আদরে * এই রুপে দিনে২ হয়তো সেয়ানা ॥ জথা তথা ফিরে বাপে নাহি করে মানা * বেলাজ্জা হইয়া বেটি ফিরেন হামেসা॥ জাহা মুখে আসে কথা কহেন ফাহেসা*জাহা চায় দেয় বাপে কাপড় গহনা ॥ জথা মনে লয় তথা করে আনা জানা *বাপের আদর পাইয়া বেটি দুরাচারে ॥ সাজে নাজে রঙ্গে ডঙ্গে বাড়ী২ ফিরে * বেলজ্জা হইয়া বেটি ঘাটে পথে ফিরে ॥ ফাহেসা কালামে গালি দেয় জারে তারে * না আছে আদব তার না আছে লেহাজ ॥ লায়েক হইলে তবু না শিখে নামাজ * ফুলিয়া ভুলিয়া ফিরে বাপের আদরে ॥ নামাজ শিখিতে বাপে তাম্বি নাহিক করে * মধুর বচনে বাপে ডাকে আদরেতে ॥ কিছু নাহি বলে দেখ নামাজ শিখিতে * বেলেহাজি বেনমাজি বেটি দুরাচার ॥ দেখ তবু বাপে তারে করে পিয়ার * আদরে২ বেটি হইল বেডর * নাদান বাপের দেখ কেমন আদর * এই রুপে কত দিন জায় গুজারিয়া ॥ সেয়ানা হইলে বেটি দেয় সাদি বিয়া * সাদি বিয়া দেয় বেটি দামাদের ঘরে ॥ পিঞ্জিরার পক্ষির মত পড়ে মুস্কিলেতে * না চলে আদব মত না ছুটে আদত ॥ না শুনে পতির কথা না করে খেদমত * না পড়ে নামাজ আর না আছে মিজাজ ॥ না আছে আদব তার এছা বেলেহাজ * না শুনে খছমের বাত না ধরে তরিক ॥ কারে নাহি ডরে চলে মতলব মাফিক * দেখিয়া এসব হাল সোওামি তাহার ॥ বুঝায়ে নানান মতে হইয়া লাচার * তবু নাহি শুনে কন্যা

কথা নাহি ধরে ॥ বেলেহাজি গালি কত দেয় খছমেরে * শুনিয়া খছম তার গোশ্বা হৈয়া মনে ॥ মাইর পিট বরে কত দুঃখ দেয় জানে * রাত দিন এই রূপে খায় কিল গুতা ॥ লাঠি দিয়া মারে কেহ কেহ মারে জুতা * দেখিয়া বেটীর বাপে এসব সিদ্দত ॥ ফৌজদারী করে কত কত আদালত * মেলা মেলি দলা দলি কত মতে করে ॥ মারা মারি ধরা ধরি কেহ নাহি ছারে * এই রূপে নানা মতে ঝগড়া করিয়া ॥ ছাড়া ছাড়ি করে বাপে তালাক লইয়া * তার পরে বাপে তার ঘরেতে আসিয়া ॥ ছাড়েন চক্ষের পানি নিরবে বসিয়া বেটীর খাতিরে বাপে পায় মালামত ॥ বেটির খাতিরে বাপে হয় ফজিহত * বেটীর খাতিরে কত জায় জাতি কূল ॥ বেটীর খাতিরে বাপে হয় নামাকুল * বেটির খাতিরে কত টাকা বের করে ॥ বেটির খাতিরে বাপে কত মতে লড়ে * ছার খার হয় বাপে বেটির খাতিরে ॥ দেশে২ হয় কত প্রসংস জাহির * বেটির খাতিরে বাপের কাটা জায় কান ॥ বেটির খাতিরে বাপে হাড়ায় ইমান * শোনহে মমিন ভাই যত দিন দার ॥ শিশু কালে বেটা বেটি না কর পিয়ার * ছোট কালে বেটা বেটি রাগেতে রাখিবে ॥ বেআদর বেলেহাজ কভু না হইবে ॥ ছোট কালে যেই জনে আপনা বেটিরে সাজে নাজে রাখে খুব আদর পিয়ারে * অবশ্য তাহার বেটি গুমার হইবে ॥ সত্য কিবা মিথ্যা ভাই পরিক্ষা দেখিবে * বাপের দোসেতে খালি না হয় এছাই ॥ মায়ের অনেক দোষ দেখিবারে পাই * না হয় খরাব বাপের দোষেতে ॥ মায়ের আদরে বেটি চলে বেইজ্জতে * মায়ের আদরে বেটি হয় বে আদব ॥ মায়ের আদরে বেটি হৈয়া জায় খারাব * মায়ের

আদরে বেটি হয় হুরা চার ॥ খবরদার মায় কভু না কর পিয়ার * মায়ের আদরে বেটি ফিরে বাড়ী২ ॥ মায়ের আদরে বেটি করে কত চুরী * মায়ের আদরে বেটি হয় বেলেহাজি ॥ মায়ের আদরে বেটি হয় বেনমাজি * মায়ের আদরে বেটি কথা নাহি শুনে ॥ মায়ের আদরে বেটি কারে নাহি মানে * মায়ের আদরে বাড়ে বেটির গুমান ॥ মায়ের আদরে বেটির দারাজ জবান * মায়ের আদরে বেটি না খায় পতির ভাত ॥ মায়ের আদরে বেটি লড়ে পতির সাত *যে সব খরাবি দেখি এই জমানাতে ॥ এসব সয়তানি কেবল মায়ের দোষেতে * শুন গো মমিন মা কন্যার জননী॥বেটি লইয়া কভু না করিবা সয়তানি * নেক রাহে চল আর বেটিকে চালাবে ॥ খোদার নিকটে বড় ছোয়াব পাইবে * বেটিকে লইয়া যেই সয়তানি করিবে ॥ বড় দুঃখ সেই জনে দোজখেতে পাবে * আবদুল হালিম কহে সবার জনাবে ॥ নেক বদ ভাল মন্দ বুঝিয়া চলিবে * তার পরে লিখি হাল নারি বিধবার ॥ ত্রিপদীতে লিখি কিছু ছাড়িয়া পয়ার *

ত্রিপদী ॥ কলির জমানা এসে, কি হাল করিল দেশে, লিখি এবে তাহারি খেশাল ॥ নারি হবে জোরায়ার, কমজোর পরুষ তার, এই বাতে থাকিবে নেহাল * মা বাপ হবে বৈরী, দেখিতে না পারে নারী, নারীর বাত তার ছের-তাজ ॥ আওরতের ছলা শুনি চকে, নাহি জান তিনি আর নাহি করে কোন কাজ * এভাবেতে দিন যায়, বাপে যদি কিছু কয়, হয় তিনি জলিয়া আগুণ ॥ রমনীর কথা মতে ঝগড়া মা বাপ সাতে, তোমা সাতে নারব কখন * কলির জমানার চিন, ছেলে হয় ভিন্ন ভিন,ভিন্ন হল বেটা যে তাহার॥

রমনীর ছলা ধরী, ঘরে২ চুলা করি, করে মজা লইয়া ইয়ার॥ পিতা মাতা বুড়া হয়, তাহেনা ফিরিয়া চায়, বাপ কান্দে খাতিরে বেটার ॥ তবে বাপে কেন্দে কয়, আল্লা করিম দয়া ময়, কর আপে ইহার বিচার * পিতা মাতা কষ্ট পেলে, পুতের নাহি সুখ মিলে, এছা নাহি করিবা কখন ॥ কবরে পৌছিবে ভাই, আখেরে নাজাত নাই, হায়২ কান্দিবা তখন * কলির জমানা এসে, কি ভাব করিল দেশে, আর ফের লিখি কিঞ্চিত ॥ হায়২ কিবা করি, কলি খেল সবধরি, হয় কর্ম্ম বিপরীতে হিত * দ্বিতীয় খরাবি ভাই, কেমনে লিখিয়া যাই, হাত মোর কাপে থর থর ॥ লিখিতে না মুখে স্বরে, শুনা-ইতে লজ্জা করে, বৃতান্ত যে নারি বিধবার * বিধবা হইলে নারি চলে যায় বাপ বাড়ী, নিকা আর বসিতে না চাই॥ দেশে২ মরিচ তুলে; মোর গের মত বলে, খাই আমি রত্তের কামাই * দারুন এস্কের জালা, সহিতে না পারে বালা, আচ-ম্বিতে জঞ্জাল ঘটায় ॥ ডেইকে লয় উপপতি, চুপে২ আসে রাত্রি, বিল্লি জেছা ভাজা মাছ খায় * আল্লাদে মাতিয়া রয়, ফাকে২ মধু খায় ঘর হতে না হয় বাহির ॥ ক্রমে২ দিন কত পাচ মাস হইল গত, কর্ম্ম খানি হইল জাহির * গর্ভ হল বুঝে পষ্ট, দাওয়া খেয়ে করে নষ্ট, খুনের দায়ী হবে এই দুই॥ বেগর হিসাবে তারা দোজখেতে হবে খারা, সাজা দিবে আপে পাক সাই * এলাহির কাজাভাই, আর জানি কিবা হয়; আমি নাহি পারি বলি বার ॥ তেছরা খরাবি কথা, লিখিয়া জানাই হেথা, লিখি থোরা হইয়া লাচার * কেমন চরিত্র ভাই, পড়ে দেখ লিখে যাই, অল্প করি লিখি মক্তছার॥ লাগাইয়া দিল মন সোনহে মমিন গণ, কেছা হাল করে নুরোল এসলাম *

নেশা খোর * কত লোকে নেশাখায়, হারামি করিতে, যায় বেশ ধরি যেমন ফকির ॥ শিখি কিছু জাদু টোনা দেখায় কত ছলনা, করে কত বুজর্গি জাহির * চিমটা খানি লয় হাতে, বড়২ জটা মাথে; ঘর হতে হইল বাহের ॥ না আছে নামাজ রোজা, হামে হাল খায় গাজা, চলে যায় বাড়ি মুরি দের * লম্বা কুরতা গায় ঝুলে, দম দম মাদার বলে, জিজ্ঞাসিলেক হে এই বানি ॥ মাদারি ফকির মোরা, করি কিছু ফুক ঝাড়া, টাকা বান্দে করি যে আছানি * বাড়িওলা বলে পির, আমার যে রমনীর, না হয় ফরজন্দ কখন ॥ পির শুনি বলে ভাই; নারি লয়ে আসা চাই, রাত্র নিশি হইবে যখন * মোর কাছে এনে দিবে, যে সমে ঝাড়িতে হবে, তবে জ্ঞান হইবে ছাওয়াল ॥ হইয়াছে কাল দিষ্টি, ভাত নাহি লাগে মিষ্টি, পুছিলে জানিবা সেই হাল * তবে মিয়া যায় বাড়ী, লয়ে শিত্র আসে নারী, রেখে গেল নিকটে তাহার ॥ তবে সে ফকির মিয়া, ঝাড়িতে লাগিল গিয়া; দুর করে দিষ্টি যে তাহার * খোদাতালা জানে ভাই, কিবা মন্ত্র পড়ে সেই কোথা নাহি দেখিছি এমন * বেটা বেটি হওয়া কার, আল্লা তালা এক্তিয়ার, আমি নাহি দেখেছি এমন॥ পিরের তাবিজে যদি, ছেলে হয় নিরবদি, নিকা নাহি বসিত কখন * দেখ দেখ দেখ ভাই, আখেরে নাজাৎ নাই, জানে আল্লা গাফুর রহিম ॥ ইতি হৈল ত্রিপদি, মাফ চাই ভুল যদি, নাম হীন আবদুল হালিম *

* তেছরা খারাবি *

তেছরা খারাবি বাত শুন ভাই সবি ॥ খেয়াল করিয়া দেখ কেমন খারাবি * আওরত পর্দায় রাখা মরদ উপর ॥

ফরজ করিল আল্লা কোরানে খবর * শুনহে মমিন ভাই খারাবি যেমত॥পর্দ্দা নাহি করে কেহ আপনাআওরত*দেখ২ দেখ ভাই যত দিন দার॥ বেপর্দ্দা হইয়া গেল ভরিয়া সংসার বহুতর লোক আছে এই জমানায়॥ রমনীর পর্দ্দা করা বুঝেন অন্যায় * হামেসা এক্কিন রাখে নামাজ ও রোজায় ॥ পর্দ্দা পানে কেহ নাহি ফিরিয়া না চায় * কোরান পড়িয়া কেহ হালিয়া মুন্সী হয় ॥ কেহত করিয়া হজ্জ হাজিসাব বলায় * দেখ২দেখ ভাই দেখ নিরখিয়ে॥বেপর্দ্দা করিল নারি মৌলবী সাব হয়ে * পর্দ্দা নাহি করে যেই নারির কারন॥ রোজা নামাজ সব তার জাবে অকারন * জিন্দেগীর বন্দেগী তার বরবাদ হইবে ॥ রমনীর বেপর্দ্দাতে দোজখে জলিবে * খুসী হয়ে নারী লোকে ছারে জেই জনে॥ কাফের হইবে সেই খোদার ছামনে* খোদার হুকুম যেই করিবে ভুল ॥ খারেজ হইবে তার তরিক রছুল * হায়২ দেখ ভাই বিচার করিয়া॥ নারির কারনে যায় দোজখে চলিয়া * ছয় চিজ হারাইনু একের বদলে ॥ রোজা নামাজ হজ্জ জাকাৎ খোদা ও রছুলে এছা হাল হৈল খালি পর্দ্দার খাতিরে॥ আপনা আওরত তবু পর্দ্দা নাহি করে * বেপরদা হইয়া নারি সাজিয়া বেড়ায় তবু নাহি হাজিসাবে রাখেন পরদায় * জেওর পিন্দিয়া নারি পিন্দে ডোরা সারী ॥ দলে২ পালে২ ফিরে বাড়ি২ * সাজিয়া মনের মত খেসি বাড়ি জায়॥ পুর্ণিমাসি চন্দ্র জেছা ফিরিয়া বেড়ায় * চক্ষেতে লাগায় ছোর্ম্মা মিসি দিয়া দাতে॥ হাসি খুসি চলে নারী মন আনন্দিতে * আচড়ি মাথার চুল করিয়া বাহার॥ ঠমকেতে চলে নারি পরির আকার * নাকে বালি হাতে বাজু হাসি খুসী যায়॥ পরান কারিয়া লয় যার

দিকে চায় * গলায় মাদুলি পিন্দে কমরে ছিকল ॥ যেই দেখে সেই হয় আসকে পাগল * এই মত সাজে নাজে জায় খেসী বাড়ী॥ঠীক ঠাক এসকল সয়তানের নারি * হায়ওানের মত চলে না আছে মান্যতা ॥ সয়ত্তানের সঙ্গে দেখ করিল ইস্টতা* আর কত নারি চলে ধরিয়া ঠমক ॥ হাসি মুখে কহে কথা বিজলি চমক * পেগাম ধরিয়া চলে মুখে চাবে পান ॥ হাসিয়া ঢলিয়া পড়ে হইয়া অস্ট খান * সুন্দর পুরুষ যদি ছামনেতে পড়ে ॥মন্দা২ হাসে কথা কহে মিস্ট স্বরে * শুনিয়া মধুর বলি বেলাজা পুরুষে ॥ মনে২ মজা লয় মুচকিয়া হাসে ছি ছি বেলাজা নারি কমিনা আওরত॥জেন্দেগী উপরে তার হাজার লান্নত *কেমন মরদ জানি এই নারির পতি ॥নাজানি আখেরে তার হবে কোন গতি*নারির খছম যদি মরদ হইতে॥ অবশ্য আপনা নারী পরদায় রাখিত *আর এক খরাবি কাম করে কত নারি ॥ লিখিতে নাস্বরে মুখে সরমেতে মরি* সরম ছাড়িয়া ফের দেই যে লিখিয়া ॥ খবরদার হও সবে পড়িয়া শুনিয়া * কেমন খরাবি দেখ খেয়াল করিয়া ॥ নারী লোকে মাটি কাটে বেপরদা হইয়া * আপনা মরদ নারি রাখিয়া ঘরেতে ॥ নারী হৈয়া মাটি কাটে ও ড়ালিয়া মাথে * কুর্ত্তা নাহি পিন্দে নারি পিন্দে ডুমাতে না ॥ এছা ডুমা পিন্দে কেহ বদন ছাপে না * এক ডুমা পিন্দে নারি ছাপায় চুতর ॥ আর এক ডুমা দেয় বুকের উপর * বুকে যেই ডুমা তার দুই হিস্যা করি ॥ অর্দ্ধেক বুকেতে দেয় অর্দ্ধেক পাগরী * ওড়া মাথেলিয়া নারি জায় লড়ে দাপে ॥ অর্দ্ধেক ডুমায় তার ছাতি নাহি ছাপে * দোন হাতে ধরে নারি বোঝা লিয়া মাথে ॥ সোনার ঢেপুয়া যেন চমকে [illegible] * তৌবা২ এছা কাম

করে যে আওরতে ॥ বড় দুঃখ সেই নারি যাবে দোজখেতে কেমন মরদ জানি জার এই নারি॥ ঘরেতে বসিছে বুঝি হাতে পিন্দে চুরি * ওড়া মাথে কুদাল হাতে নারি কাটে মাটি * কেমন খছম তার কেছা বাপের বেটি * আর এক কাম করে আওরত কমজাতে ॥ পেসাব্ করেন গিয়া নদীর ঘাটেতে * নদীর ঘাটেতে জায় দুই চার নারি ॥ পেসাব করিতে তারা বসে সারা সারি * দুরেতে না বসে কেহ কাছে২ বসে ॥ চপ২ শব্দ উঠে খল২ হাসে * এছা বেলেহাজা দেখ আওরত বৈতাল ॥ আপনা হুরমত বলি না করে খিয়াল * আর২ কত নারি নদিতে জাইয়া ॥ বুক খোলা কেস আউলা উদালা হৈয়া * বেছতর হৈয়া নারি বসেন ঘাটেতে ॥ খারা পানি মলে ছিরে আপনা হাতেতে * বুকের কমল ছাতি করে জকমক ॥ যেই দেখে সেই হয় আসকে আটক * দেসি বিদেশি লোক জায় নাও দিয়া ॥ হাসিয়া ঢলিয়া পড়ে নারিকে দেখিয়া সাউদ বেপারী কত গুণ টানি জায় ॥ মুচকিয়া হাসে আর ফিরে২চায়* এছা বেইজ্জতি হালেনারিসবে চলে॥কমিনা খছম দেখ কিছু নাহি বলে * আর দেখ কত নারি কলসি লইয়া ॥ নদির ঘাটেতে জায় পানির লাগিয়া * দলে২ জায় তারা বান্দিয়া কাফেলা ॥ সোর সার করি জায় অতি বড় গলা * দৌড়িয়া জায় কেহ কেহ ধাওয়া ধাই ॥ এছাতে জেতে জায় পানি পাইকি না পাই * বড়ই গম্ভির নদী থাকে বরাবরে ॥ শুকাইয়া নাহি জাবে নাহি নিবে চোরে * তাহার খাতিরে কেনে লড়ে দাপে যায় ॥ বড় বেইজ্জতি আর গুনাগার হয় * লড়ে দাপে যায় নারি সোর করে বড়া ॥ ঠিক ঠাক এছা নারি সয়তানের খোড়া *

যেই বিবি নেক বক্ত মমিন হইবে॥ ইজ্জতের ডরে সেই সহজে চলিবে * হামেসা থাকেন সেই পরদার ভিতরে॥ বেপরদায় সেই নারি কভূ নাহি ফিরে * শুনগো মমিন বেটি কহিযে সবায়॥ তৌবা কর বদছাড় চল নেক রায় * আর এক দুরাচার আসিয়া দেশেতে॥ খারাব করিল সবে ইজ্জত হুরমতে* এই যে নালিতা দেখ বড় দুরাচার॥ উড়াইয়া লিয়া গেল ইজ্জত সবার * গওর করিয়া দেখ জত মোছলমান॥ কেমন খরাবি আমি করি যে বয়ান * পাইয়া পাটের টাকা গৃহস্ত সকলে॥ না না মতে বেইজ্জত হালে তারা চলে* দেখ হেমমিন ভাই খিয়াল করিয়া॥ নারি লোকে পাটলয় বেপরদা হইয়া * পচা পাটলয় নারি ঘাটে পথে বসি॥ বড়ই খরাবি কাম বড় সর্ব্ব নাসি * নদীর কিনারে কত বাড়ির বাহার॥ পথে বসি পাট লয় কেছা অবিচার *দেখিয়াছি নারি লোকে নদির কিনারে॥কাতারে২ বসে পাট লইবারে*এগানা বেগানা কত পথদিয়া জায়॥ নাহি ডরে নাহি লড়ে মাথা তুলে চায় * রমনীরা পাটলয় বসিয়া পথেতে॥পুরুষ ভাগিয়া চলে নারির ডরেতে * এছা২ কাম করে আওরত নাদান॥ তাহার খছম কিছু না দেয় চাপান * পরদা নাহি করে যেই আপনা আও-রত॥ তাহার উপরে গিরে খোদার লান্নত* পরদার খাতিরে যেই না করে চাপান॥ নাচিনে ইজ্জত সেই নামে মোছলমান পাটের টাকায় সবে হইল নেহাল॥ ইজ্জত বলিয়া কেহ না করে খেয়াল* যখন আসিল এইযে দেশে নালিতা॥আওরত মরদ সবে হইল তিতা২ * তিতা২ হইল কিন্তু হরেক ছুরতে॥ বড় মজা উড়াইল সকল আওরতে * সোনা রুপার অলঙ্কার যত কিছু হয়॥ বদন ভরিয়া পিন্দে যত মনে লয় * চক্ষে না

দেখিনু কিন্তু শুনিবারে পাই ॥ আগে জমানার বিচে আছিল এছাই* কেহ যদি দশ টাকা জেওর পিন্দিত ॥ দেখিয়া শুনিয়া সবে তাজ্জব হইত * সাদা ভুনি সারি যদি আনিত কিনিয়া বড় খুসী হইত নারি তাহাকে দেখিয়া * নালিতা আসিয়া দেশে করিল এছাই ॥ কমিনা আওরত সবে পাইল বাদসাই পাইয়া পাটের টাকা যত সব নারি ॥ নানা অলঙ্কার পিন্দে ডোরা২ সারি * গরিব লাচার জারা তাহাদের নারি ॥ জে সব জেওর পিন্দে লিখিতে না পারি * অধিক কাঙ্গাল যেই বিবি যে তাহার ॥ নানা অলঙ্কার পিন্দে সোনা ও রূপার * চাকরি মজুরি জারা করে বাড়ি২ ॥ তাহাদের নারি পিন্দে তিন টাকার সারি * পুরুষে খাটিয়া মরে নালিতা করিয়া * নারি লোকে মজা মারে জেওর পিন্দিয়া * তালেবর হয় কিবা গরিব লাচার ॥ সাজে নাজে বরাবর নারি সবাকার * কত২ নারি আছে এছাই কমিনা ॥ হামেহাল জপে খালি কাপড় গহেনা * নাহি মানে নছিহত না আছে ছবুর ॥ খালি বলে দেও মরে গহেনা কাপড় ॥ ভাল২ সারি আর জেওর না দিলে ॥ টেরা মুখে করা কথা খছমেরে বলে*খছমের কড়া কথা বলে যে আওরতে ॥ বড় দুঃখ সেই নারি জাবে দোজ-খেতে * যেই বিবি নেক বক্ত মমিন হইবে ॥ খছমেরে কড়া কথা কভু না বকিবে* খোরাক পোসাক কিম্বা গহেনা কাপড় খছমেতে যাহা দেয় করিবে ছবর * খছমের খুসি মতে হামেসা চলিবে ॥ খছম আপনা হাকেম দেলেতে জানিবে * দেখিয়াছি কত নারি এছাই নাদান ॥ খছমেরে নাহি মানে পসম সমান * এছা২ কথা বিবি খছমেরে বলে ॥ কলিজা ছেদিয়া জায় সে বাত শুনিলে * নাহি চিনে পাও নারি নাহি

চিনে মাথা ॥ কল্লিজাতে তির জেয়ছা লাগে তার কথা * না চিনে আছমান নারি না চিনে জমিন ॥ নাহি চিনে দিন রাত এছাই কমিন * নারির ভিতরের কথা কেহ নাহি জানে যে খাইয়াছে এই তির জানে সেই জনে * এই জমানাতে যেই মমিন হইবে ॥ আওরতের হাতে সেই বড় দুঃখ পাবে আহা এছা দুঃখ দেয় কমিনা আওরতে ॥ মউত আছান বুঝি এদুঃখ হইতে * আবদুল হালিম কহে ভাবিয়া রব্বানা ॥ আওরতের দুঃখ হইতে দেহ সবে পানা *

* চৌপদী *

হবে জবে কলির জমানা২ ॥ মরদ কম জোর হবে, ডরে কম্পমান রবে বলবান হইবেজানানা*নারি লোকে হবে জোর য়ার২ ॥ মরদ নারির সাতে, না পারিবে কোন বাতে, মর দেরা হইবে লাচার * হালে চালে হইবে এছাই২ ॥ কমিনা নারির তাবে, মরদ গোলাম হবে, নারি লোগে পাইবে বাদ-সাই * সোন ভাই যত দিন দার২ কমিনা নারির বাত, শুন যত নেকযাত শুন সবে নারির বাহার ॥ সাজে রঙ্গে অতি পরি পাটি২ ॥ মনে এগুমান করে, যে দেখিবে কবে মোরে, এই বুঝি বড় বাপের বেটি * সাজে কত রকমে রকম২ ॥ পিন্দে রাঙ্গা ডোরা সারি হাঁইটে ফিরে বাড়ি২ চলে যেছা ধরিয়া পেগম * সাজে নাজে এছা পরিস্কার২ ॥ পায় গোল খারু পিন্দে, ছিকল কমরে বান্দে, চলে যেন পরির আকার* কাঙ্গই করিয়া মাথার চুল২ ॥ হাতে বাজু নাকে বালি, চলে নারি হেলি ডুলি, সিতা করে অতি যে মাকূল * এই মত সাজে কত নারি২ ॥ চক্ষে ছোর্ম্মা দাতে মিসি, চলে অতি হাসি খুসী দলে২ ফিরে বাড়ী২ * সাজে নাজে এছা

সাজে নাজে এছা রূপ ধরে২ ॥ চাহিতে রূপের পানে চক্ষেতে চুন্দনি হানে, যেই দেখে কাপে থর থর২* কি কহিব নারি লোকের কথা২॥খাইবার নাহি ঘরে তবু,নাহি সাজছাড়ে, সাজে রঙ্গে ফিরে যথা তথা * কি কহিব নারি লোকেরহাল২ রঙ্গে ঢঙ্গে ঘরে২, কৌতুক করিয়া ফিরে, মোছলমানি হইল পয়মাল ॥ কি কহিব নারি লোকের বিনা২ ॥ ঘাটে পথে বেই-জ্জতে, হাসি খুসি কতচিতে, বেপর্দ্দায় করে আনা জানা * যত সব রূপসি কামিনী২ পাইয়া পাটের টাকা, সাজে নাজে অতি বাকা, ফিরে জেছা হইয়া উদাসিনী * সাজে নাজে চলেন এছাই২ ॥ নাহি চিনে দিন রাত, নাহি ধরে নছিহত নাহি মানে আল্লার দোহাই * কহে হিন গুনাগার অধম২ ॥ নারির মক্কর হইতে আর হাসর কেয়ামতে তুই আল্লা করিবে রহম *

পয়ার ॥ চতুর্থ খারাবি এবে করি যে বয়ান ॥ দিল দিয়া সোন ভাই যত মোছলমান *কলির জামানা এবে হইল প্রচার ॥ কমিনা লোকের বড়া হইল বাহার * নেকির আমল হাওয়া বদলিয়া গেল ॥ খরাবি কামেতে লোক গেরেপ্তার হইল* দেখহে মমিন ভাই যত দিন দার ॥ সাদি বিয়ার মাঝে দেখ কেছা অবিচার * বড়ই খরাবি দেখ সাদির বিচেতে ॥ গওর করিয়া সবে বুঝহ দেলেতে * সাদি বিয়া মাঝে যত খরাবি কারখানা ॥ তাহার বয়ান করি শুন সর্ব্ব জনা * বহুতর লোক আছে এই জমানার ॥ সাদি বিয়া মাঝে কিছু না করে বিচার * ধনে মানে আছে যেই তাহার বেটির ॥ তিন শত টাকাবান্দে মোহর খাতির * টাকা পয়সা আছে তবু শুন সমাচার ॥ সও কিম্বা দেরশ টাকার লয় অলঙ্কার *

বেটিকে পালেন বাপে ডুমা পিন্দাইয়া ॥ বিশ টাকার সারি বিনে নাহি দেয় বিয়া * বড়া অবিচার কাম বড়া না পছন্দ ॥ দেখিয়া শুনিয়া তাহা লাগে বড় ধন্দ * বেআদব বেলেহাজ বেটি দুরাচার ॥ রে'জেষ্ঠারি করি লয় কাবিন তাহার * খেয়াল না করে বাপে বেটি যে গুদার ॥ তার জন্য লয় কাবিন পঞ্চম সরার * না বুঝে ইজ্জত বেটি না চিনে হুরমত ॥ তাহার খাতিরে কেনে এতেক হাসমত * হামেসা বেটির গায় পেড়ি ছাত্তা ধূলি ॥ তার জন্যে লয় বাপে সাটিনের চুলি * না জানে ইজ্জত বেটি পিতল ও তামার ॥ তার জন্যে লয় বাপে মাদুলি সোনার * কি চাল হইল দেখ দেশের মাঝার ॥ দেখিয়া শুনিয়া তাহা লাগে ধন্দ কার * আর কত নয়া ভদ্র হইলে জাহির ॥ জমিন লেখিয়া লয় বেটীর খাতির * কেমন জামাই আর কেমন খান্দান ॥ ভালা বুরা কভু কিছু না করে সন্ধান * দিনদারি মোছলমানি তাহা নাহি চায় ॥ তালে বর ঘর হইলে বড় খুসী হয় * মনে২ বলে বেটি এই ঘরে দিব ॥ সোনা রূপার অলঙ্কার বহুতর লিব * কেমন দানাই তার কেমন বিচার ॥ ভাল মন্দ নাহি চিনে নাদান গাওার * অনুমানে বুঝি সেই হইবে এহাই ॥ সোনা রূপার মুখ তিনি কভু দেখে নাই * আহা কি কহিব আমি সে সব বয়ান ॥ খেয়াল করিয়া দেখ যত ভাইজান * কত২ ভদ্র লোকে বুঝেন দিলেতে ॥ কাবিন লইব যদি দামাদ হইতে * তবেত দামাদ মেরা কাবিনের ডরে না ধরিবে কোন খাতা বেটির উপরে * কাবিনের ডরে জামাই আজিজ থাকিবে ॥ বেটি পরে কোন দুঃখ কভু নাহি দিবে * বেটির তকদির পরে না আনে ইমান ॥ কাবিনেরে বুঝে সেই

এবাতে বেজার হয় এলাহি আলমিন * তার যে তাহার বেটি চলে দেমাগেতে ॥ না হয় পিরিত কভু সোয়ামির সাতে * মতলবেতে চলে কন্যা কাবিনের বলে ॥ সোয়ামির ডর কিছু নাহি রাখে দিলে * মনে২ বুঝে মেরা বাপ ভাই আছে ॥ খছম হইতে মোর কাবিন লইয়াছে * খছমে আমাকে যদি কোন দুঃখ দিবে ॥ নালিস করিয়া তবে ছিনাইয়া লিবে * এই গুমানেতে বেটি চলেন হামেসা ॥ দিল বিচে করে খালি কাবিন ভরসা * দেওর ননদি কিম্বা শশুর সাশুড়ি ॥ নাহি মানে কার তরে কাবিনের নারি * দেখিয়া এসব হাল খছম তাহার ॥ মার পিটে দুঃখ দেয় নানান প্রকার * এই সব হাল বাপে দেখিয়া নজরে ॥ কাবিন লইয়া গিয়া মামেলা সে করে* বেটিকে লইয়া যেই করেন ফৌজদারি ॥ সর্ব্ব লোকে বলে তার বেটী দুরাচারি* দেখ২ দেখ সবে খেয়াল করিয়া ॥ কমন কলঙ্ক হইল কাবিন লইয়া * কানা কানি করে লোকে ঘাটে পথে বসি ॥ কাবিন লইয়া এছা হইল সর্ব্ব নাসি * কাবিন উপরে যেই ভরসা করিবে॥অবশ্য তাহার এই দুর্গতি ঘটিবে* দানা লোকে এছা কাম কভু না করিবে ॥ আল্লাকে ভরসা করি বেটি বিয়া দিবে * দিন দারি মোছল মানি আর যে খান্দান ॥ জামাই দেখিয়া বেটি করিবে যে দান * অধিন ফকির কহে ভাবি পরওার ॥ ডোমরা কান্দা গ্রামেতে বসতি যাহার *

* পঞ্চম খরাবি *

পঞ্চম পদী ॥ শোন ভাই জতেক মমিন, দিলে মনে করিয়া একিন ॥ পঞ্চম খরাবি এবে, লিখি আমি শুন সবে, না শুনিবে যে হবে কমিন * আল্লা তালা কোরান মাঝার,

এই বাত কহে বার বার॥ দিলের বখিলি ছার, জাকাৎ আদায় কর, জে কেহ হইবে মাল দার * দেখ ভাই জত দিনদার, ধনি লোক এই জমানার ॥ দিলেতে বখিলি বড়া, না দেয় জাকাত তারা, নাহি মানে হুকুম আল্লার * নাহি মানে সরা সরিয়ত, নাহি চিনে ইজ্জত হুরমত ॥ ফকির মিছকিন তরে না করে খয়রাত কারে, গরিবেরে না করে মদত * কত ধনি এই জমানাতে, নাহি খায় আপনা ঘরেতে ॥ গরিব কাঙ্গাল তরে, দয়া মায়া নাহি করে, দেখিয়াছি আপনা চক্ষেতে * যেই ধনি করেন বখিলি, তার ধন যেছা ধুলা বালি ॥ রোজ হাসর কেয়ামতে, ঠেকিবে যে হিসাবেতে, সেই সমে পাবে চুন কালি*কত ধনি এছাই নাদান, কি কহিব তাহাদের সান॥ ধনের গৌরবে চলে, আখেরাত গেল ভুলে, লালচেতে ছাড়েন ইমান * ধন জারে দিছে আল্লা সাই, তাহার গৌরবের সিমা নাই ॥ ধনে মত্ত ধনি লোক, ধন দিয়া করে সুখ, গরিবেরা দুঃখিত সদাই * জারে আল্লা দিছে মাল টাকা, তাহাদের সান অতি বাকা ॥ থাকে তারা দালানেতে, কোন ভয় নাহি তাতে, গরিবের ঘরে আল্লা সখা * জেই লোকের আছে টাকা পয়সা, ধন মধ্যে করে সেই আসা ॥ টাকা তেই বড় লোক, টাকা হইলে সব সুখ, গরিবের এলাহি ভরসা ॥ জারে আল্লা দিছে টাকা কড়ি, সেইজন করে জমিদারি ॥ যার হাতে আছে ধন, বড় খুসী তার মন, গরিবেরা খাটেন মুজরি * টাকা পয়সা আছে জার ঘরে, সর্ব্ব লোকে মানে তার তরে ॥ টাকাতেই গাড়ি ঘোড়া, টাকাতেই জামা জোড়া গরিবেরা থাকেন লাচারে * জারে আল্লা করিয়াছে ধনি, তার সমান কেহ নাহি মানি ॥ ধনে মান্য ধনে গন্য, ধন দিয়া

করে পুন্য, কোন বাতে নাহি পেরেসানি * যেই লোকের আছে ধনমাল; কি কহিব তাহাদের হাল ॥ টাকা আছে ঘরে জার, বড়২ চক্ষু তার, আর কালা তার মাথার বাল * জার হাতে আছে টাকা কড়ি; বড় খুসী থাকে তার নারী ॥ টাকা কড়ি নাহি জার, বৃথায় জনম তার, নারী তার করে জারা জারি*দেখ ভাই যত দিন্ দার; ধনি লোকের কেমন বাহার॥ টাকা কড়ি জার বশ, সেই লোকের বড় জশ, গরিবের দুনিয়া অসার * টাকা কড়ি জার হাতে আছে, কেহ নাহি লাগে তার কাছে ॥ ধনির মুখের বানি, মিঠা জেছা মধু চিনি; গরিবের জেন্দেগানি মিছে* টাকার বিসম গুন, কি কহিব টাকার বয়ান॥কি লিখিব টাকার গুমান, বুঝে দেখ সর্ব্বজন, কোনাচেজ টাকার সমান* ধনির শুখের নাহি সিমা, ধনি লোকের অপার মহিমা॥সে কথা লিখিতে ভাই,কোরছত,নাহিক পাইত, কারনে করিলাম ক্ষেমা* আয় আল্লা পরওার দিগার, আমি বান্দা বড় গোনাগার॥গোনাখাতা মাফ দিয়া,হেথা সেথা তরাইয়া, তুই আল্লা করিবে উদ্ধার *

পয়ার ॥ শোনহে আল্লার বান্দা জত মোছলমান ॥ আল্লার রাহেতে সবে থাকিবে কোরবান* বালা মছিবতে খুব ছবর করিবে॥ঝুটা দাগাবাজি কামে কভু নাহি জাবে*হালাল হারাম চিনা হামেসা খাইবা ॥ হারাম নাচিজ হইতে পরহেজ করিবা * নেক বদ ভাল মন্দ তমিজ করিয়া ॥ নেক পথে চল সবে আখেরে ভাবিয়া * সবার মালিক যেই আল্লা কারছাজ॥ নেক কামে রাজি সেই বদেতে নারাজ*সেরেক বেদাত হইতে রবে হুসিয়ারে ॥ নতুবা আখেরে ভাই ঠেকিবা হাসরে * বাহাল রাখিয়া চল আপনা ইমান ॥ ছামনেতে আছে ভাই

বিষম তুফান * একিদা মজবুত খুব রাখিবা দেলেতে ॥ বহুত সঙ্কট ভাই আছে ছামনেতে * সয়তানের দাগায় যদি বদ রাহে জাবে ॥ তবেত আখেরে বড়া নিদান ঘটিবে* সয়তানি ফেরেব হইতে হুসিয়ার রবে ॥ নারির মক্করে কভূ বহি না করিবে ॥ বড় মক্কর বাজ নারি এই জমানার॥আবদুল হালিম তুই হও হুসিয়ার * মউত নিদান বড় হবে এক দিনে ॥ আব দুল হালিম তুই নাহি ভাব মনে * বড়ই নিদান দেখি কবর মহলে ॥ আবদুল হালিম তোর গম নাহি দিলে * একে অন্ধ কার আর নাহি সঙ্গ সাতি ॥ আবদুল হালিম তোর কি হইবে গতি * ফেরেস্তা করিবে ছাওয়াল কবর ভিতর ॥ আবদুল হালিম তুই কি দিবি উত্তর * উত্তর না পেলে তারা আজাব করিবে ॥ আবদুল হালিম তুই কেমনে সহিবে * আর এক সঙ্কট দেখি হাসর হিসাবে ॥ আবদুল হালিম তোর কি গতি হইবে * সাফায়েত করিবে সেথা রছুল করিম ॥এইত উম্মেদ তোর আবদুল হালিম * তিনির উম্মতে জেই দাখেল হইবে সাফায়েত করিয়া তারে উদ্দারিয়া লিবে * আবদুল হালিম তুই বড় নিদারুন ॥ তিনির প্রেমেতে কেনে না মজ এখন * হিসাবের দিনে কাজি হইবে রহিম ॥ এইত ভরসা তোর আব দুল হালিম * বিষম মুস্কিল দেখি পোল, মিজানেতে॥আবদুল হালিম তোর কি গতি তাহাতে * ওজনেতে নেকি জার জেয়াদা হইবে ॥ আখেরেতে তার তরে বেহেস্ত খানা দিবে* ওজনেতেবদি জারহইবে জেয়াদা॥দোজখেতে তারতরেপাঠা ইবে খোদা * দোজখে আগুন বড় খোদার কহর ॥ মনেতে উঠিলে প্রান কাপে থর২ * আয় আল্লা দয়া ময় এলাহি রাব্বানা ॥দোজখের আজাব হৈতে দেহ সবে পানা *সোনহে

আল্লার বান্দা যত মোছলমান ॥ অধমের হাল কিছু করিব বয়ান * নাদান কমিনা আমি বড় গুনাগার ॥ আল্লা তালা জানে মেরা গুনার শুমার * আমার ঠীকানা আর পরিচিত বাত॥লিখিয়া জানাই যত শুন নেক জাত*আহাম্মদ মুন্সি যত ইয়াছিন আলি সান ॥ আহা কি কহিব আমি তিনির বয়ান.* তিনির তারিফ মেরা লিখা অতি ভার॥ অধমেতে কি লিখিব মালুম সবার * পুর্ব্ব পশ্চিম আর মুল্লুক তামাম ॥ জাহের আছেন সেই মোবারক নাম *এছাই এলেম আল্লা দিয়াছিল তানে ॥ কেহ না টিকিত আসি তিনির ছামনে * মৌলবী মাওলানা কত আলেম ফাজেল ॥ বাহাছ খাতিরে সবে হৈত মোকাবেল * তিনির ছামনে জবে বসিত আসিয়া হেট মুখে তাজ্জবেতে থাকিত বসিয়া *গায়েবি এলেম তিনি পাইয়াছিল বটে ॥ কেহ না টিকিত আসি তিনির নিকটে * আবেদ জাহেদ ছিল বড় দিনদার॥মুল্লুক রৌসন ছিল খাতিরে তেনার * আল্লা তালা দিয়াছিল এছাই হাসমত ॥ হুকুমের বিচে ছিল মুল্লুক তাবত * সরিয়তে মারফতে চারি তরিকতে কামেল আছিল তিনি হরেক ছুরতে * তারিফের হদ্দ আমি কি কব বয়ান ॥ তিনির তারিফে মেরা কলম হয়রান *তিনির ফরজন্দ আমি মুরক্ষ নাদান ॥ দোয়া দিবে মোর হক্কে যত মোছলমান * এগার বৎসর জবে বয়স আমার ॥ সেই সমে বাবাজান ছাড়িল সংসার * যেইদিন বাবাজান হইল ওফাত ॥ তখন হইনু আমি এতিম নেহাত * না ছিল মরব্বি কেহ সংসার ভিতরে ॥ মনেতে বুঝিনু আমি ভাসিনু সাগরে * কেবল আছিল মেরা মামু চারিজন ॥ তাহাদের ওছিলাতে হইনু পালন * আল্লার রহম ছিল উপরে

আমার ॥ তেকারণে মামু সবে করিত পেয়ার * আহা কি কহিব আমি মামুজিদের হাল ॥ বড় নেকবক্ত সবে ইমানে কামাল * বড় মামুজির নাম কালু মুন্সি হয় ॥ নেক কামে নেক পথে হামেহাল রয় * তান ছোট মামু মেরা আলিমুদ্দি নাম ॥ নেক বক্ত নেক কামে থাকেন মোদাম * হাতেম বলিয়া তান হইল খেতাব ॥ অন্যের মুস্কিলে বান্দে কোমর সেতাব * মাইজা মামুজির জান ছলিমদ্দি নাম ॥ ইমানে কামেল খুব পরিস্কার কাম * ছোট মামুজির জান নাম তমিজদ্দি ॥ বড়ই সকিন তিনি বড় তেজ বুদ্ধি * বড় নেকবক্ত আর ইমানেতে খাটি॥ সকিন কামেতে তিনি অতি পরিপাটি* মামু সবে যেই মতে করিল আমায় ॥ এক মুখে সেই কথা বলা নাহি যায় * যেই কাম করিয়াছে আমার হক্কেতে ॥ কোরবান করিলে জান নারিব শুধিতে * এই মোনাজাত করি দরগাতে আল্লার॥ আখেরে মামুজিরা পায় যে নিস্তার তার পরে লিখি আমি ঠীকানা আমার ॥ খেয়াল করিয়া শুন যত দিনদার * ঢাকার পশ্চিম দিগে থানা সাভারের ॥ তার তাবে ডোমরা কান্দা গেরাম জাহের * সেই গ্রামেতে লোক সবে বড় নেককার ॥ ইমানে কামেল আর বড় দিনদার * আমি অধমেরে সবে করেন পিয়ার ॥ আয় আল্লাপাক সাই এলাহি রাব্বানা ॥ রোজহাসর কেয়ামতে দেহ সবে পানা * এই তক কেতাব মেরা হইল তামাম ॥ মমিন সবাকে মেরা হাজার সালাম *

সমাপ্ত ॥

IMPERIAL LIBRARY